

# সমকাল

## ইবিতে আবারও র‍্যাগিংয়ের অভিযোগ, তদন্তে কমিটি

প্রকাশ: ১০ সেপ্টেম্বর ২৩ | ২১:০১ | আপডেট: ১০ সেপ্টেম্বর ২৩ | ২১:০১

### ইবি প্রতিনিধি



ফাইল ছবি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ২০২২-২৩ শিক্ষাবর্ষের এক নবীন শিক্ষার্থীকে র‍্যাগিংয়ের অভিযোগ উঠেছে। এ ঘটনায় ভুক্তভোগী বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও ছাত্র উপদেষ্টা বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন। এতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে।

বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন অধ্যাপক সাইফুল ইসলামকে কমিটির আহ্বায়ক করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন, ছাত্র উপদেষ্টা অধ্যাপক শেলীনা নাসরীন, আইন বিভাগের অধ্যাপক আনিচুর রহমান, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের প্রভাষক মিথুন বৈরাগী এবং ডেপুটি রেজিস্ট্রার আলীবদ্দীন খান। কমিটিকে আগামী ৭ কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দিতে বলা হয়েছে।

কমিটির আহ্বায়ক অধ্যাপক সাইফুল ইসলাম বলেন, চিঠি এখনও হাতে পাইনি। তবে রেজিস্ট্রারের সাথে যোগাযোগ হয়েছে। কাল সকালে চিঠি হাতে পৌঁছবে। চিঠি পাওয়ার পর তদন্ত শুরু করবো।

লিখিত অভিযোগে ভুক্তভোগী বলেন, ক্লাসের প্রথম দিনে পরিচয় শেখাতে বেলা ১টার দিকে আমাকে জিমেনেসিয়ামের পেছনে ডাকা হয়। সেখানে কোনও কথা বলতে না দিয়েই অকথ্য ভাষায় হেনস্থা করা হয়। পরে আমার বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের সিনিয়র শুভ, আকিব, পুলক, সাকিব, মিজানুর ইমনসহ কয়েকজন সক্ষ্যা ৭টায় আসতে জোর করে এবং উপস্থিত না হলে রুমে ডেকে নিয়ে যাওয়ার ভয় দেখায়। সালাম না দেয়ায় অকথ্য ভাষায় গালিগালাজ করা হয়। যখন ডাকা হবে কোন প্রকার অজুহাত না দেখিয়ে তখনই আসতে বলেন সিনিয়ররা। এ ছাড়াও কথা না শুনলে 'ব্যাচ আউট' ও বিভাগ থেকে সুযোগ সুবিধা বঞ্চিত করার হুমকিসহ নানাভাবে ভয়ভীতি দেখানো হয়।

ভুক্তভোগীর সহপাঠী অন্যান্য শিক্ষার্থীরা জানান, আমাদের একত্র করে পরিচয়পর্ব শেখানো হয় ও ভুল হলে কথা শোনান তারা। একইসাথে বিভিন্নভাবে র‍্যাগিং করা হয়।

এর আগে, গত মঙ্গলবার র‍্যাগিংয়ের অভিযোগ করে ওই শিক্ষার্থীর বাবা বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রারকে মেইল করেন। পরে রেজিস্ট্রার এইচ এম আলী হাসান বিষয়টি অবগত করে প্রক্টরকে চিঠি পাঠান।

এ বিষয়ে অভিযুক্তদের বক্তব্য নিতে যোগাযোগ করা হলেও সম্ভব হয়নি। তাদের ফোন বন্ধ পাওয়া যায়।

বিশ্ববিদ্যালয়ের দেশরত্ন শেখ হাসিনা হলের গণরুমে এক নবীন ছাত্রীকে র‍্যাগিংয়ের অভিযোগে পাঁচ ছাত্রীকে আজীবন বহিষ্কার করেছে প্রশাসন। এছাড়া হাইকোর্টের নির্দেশে ক্যাম্পাসে মাইকিং করে র‍্যাগিংয়ের বিষয়ে জিরো টলারেন্স অবস্থানের ঘোষণা দিয়েছে কর্তৃপক্ষ। তবে কর্তৃপক্ষের জিরো টলারেন্স ঘোষণার পরও র‍্যাগিং থামছে না বলে জানা গেছে।

---

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : আলমগীর হোসেন। প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com